গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

Bangladesh

মুজিব শতবর্ষ

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

| | | |
|---|---|---|
| বিষয় | : | আগামী ১০ই জানুয়ারি ২০২২ 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ ১০দিনব্যাপী অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা হতে টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহ সজ্জিতকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব হেলালুদ্দীন আহমদ<br>সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ | : | ২৯/১২/২০২১ খ্রি. |
| সময় | : | সন্ধ্যা ০৬.০০ ঘটিকা |
| স্থান | : | ভার্চুয়াল মাধ্যম (জুম অ্যাপ) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে টুঙ্গীপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে শ্রদ্ধাজ্ঞাপন এবং অনুষ্ঠান আয়োজনের একটি রূপরেখা মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন। গত ২২শে ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান আয়োজন বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আগামী ১০ই জানুয়ারি ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি, জাতীয় বাস্তবায়ন কমিটি, মন্ত্রিসভার সদস্যবৃন্দসহ গুরুত্বপূর্ণ রাজনৈতিক ব্যক্তিবর্গের অংশগ্রহণে জাতির পিতার সমাধিসৌধে শ্রদ্ধাজ্ঞাপন, ১১-১২ জানুয়ারি ২০২২ আলোচনা সভা, ১৩-১৯ শে জানুয়ারি ২০২২ লোকজ মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ ১০দিন ব্যাপী অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ১০ই জানুয়ারি ২০২২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মর্মে আশা করা হচ্ছে।

২। আগামী ১০ই জানুয়ারি ২০২২ 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ ১০দিনব্যাপী অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা হতে টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহ, গোপালগঞ্জ পৌর এলাকা এবং টুঙ্গীপাড়া পৌর এলাকা বিভিন্ন বর্ণিল ডিসপ্লে ও বাতি দ্বারা সজ্জিতকরণের নিমিত্ত সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে জাতির

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুরোধ করা হয়েছে। সে পরিপ্রক্ষিতে 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস অত্যন্ত জাকজমকভাবে পালন করা প্রয়োজন।

৩। আগামী ১০ই জানুয়ারি ২০২২ 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ ১০দিনব্যাপী অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা হতে টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহ সজ্জিতকরণ সংক্রান্ত সভায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন), মহাপরিচালক (পমূপ), অতিরিক্ত বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, জেলা প্রশাসক, গোপালগঞ্জ, জেলা প্রশাসক, ফরিদপুর, জেলা প্রশাসক, মাদারীপুর, জেলা প্রশাসক, শরীয়তপুর, জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ, মেয়র, গোপালগঞ্জ পৌরসভা, প্রধান নির্বাহী কর্মকর্তা, মুন্সিগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর জেলা পরিষদ, মেয়র, ভাঙ্গা পৌরসভা এবং উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গীপাড়া আগামী ১০ই জানুয়ারি ২০২২ 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ ১০দিনব্যাপী অনুষ্ঠান উপলক্ষ্যে আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | আগামী ১০ই জানুয়ারি ২০২২ 'টুঙ্গিপাড়া-হৃদয়ে পিতৃভূমি' প্রতিপাদ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ ১০দিনব্যাপী অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা হতে টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের পৌর এলাকায় গুরুত্বপূর্ণ স্থানসমূহ পৌরসভা সজ্জিত করবে। পৌরসভার বাহিরে জেলা পরিষদ ও উপজেলা পরিষদ সজ্জিত করবে। | • জেলা পরিষদ, মুন্সিগঞ্জ/ মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/ শরীয়তপুর;<br>• পৌরসভা, গোপালগঞ্জ/ টুঙ্গিপাড়া/ভাঙ্গা;<br>• উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া। |
| ২. | গোপালগঞ্জ জেলা পরিষদ এবং টুঙ্গিপাড়া পৌরসভাকে স্থানীয় সরকার বিভাগ হতে সামর্থ্য অনুযায়ী আর্থিক সহায়তা প্রদান করা হবে। জেলা প্রশাসক, গোপালগঞ্জ এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করবেন। | • স্থানীয় সরকার বিভাগ<br>• জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>• জেলা পরিষদ, গোপালগঞ্জ<br>• পৌরসভা, টুঙ্গিপাড়া |
| ৩. | স্থানীয় সরকার প্রতিষ্ঠান স্ব-স্ব বাজেট হতে সজ্জিত করবে। এর বাইরে প্রয়োজন অনুযায়ী স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে স্থানীয় সরকার বিভাগ বিষয়টি বিবেচনা করবে। | • স্থানীয় সরকার বিভাগ<br>• স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪. | টুঙ্গিপাড়া পৌরসভা মূল অনুষ্ঠানস্থল ও সকল প্রবেশপথ সুসজ্জিত করবে। | • টুঙ্গিপাড়া পৌরসভা |
| ৫. | জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহ সজ্জিত করবে। | • জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ/ মাদারীপুর/গোপালগঞ্জ/ ফরিদপুর/শরীয়তপুর;<br>• জেলা পরিষদ, মুন্সিগঞ্জ/ মাদারীপুর/গোপালগঞ্জ/ ফরিদপুর/শরীয়তপুর;<br>• পৌরসভা, গোপালগঞ্জ/ টুঙ্গিপাড়া/ভাঙ্গা;<br>• উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া। |
| ৬. | মুন্সিগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর জেলার উপপরিচালক, স্থানীয় সরকার টুঙ্গিপাড়া যাত্রা পথে সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহ সজ্জিত বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদের সাথে সমন্বয় করবে। স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক (পমূপ) বিষয়টি সার্বিকভাবে মনিটরিং করবেন। | • মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ;<br>• জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ/ মাদারীপুর/ গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর;<br>• উপপরিচালক, মুন্সিগঞ্জ/ মাদারীপুর/ গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর জেলা প্রশাসকের কার্যালয়। |
| ৭. | স্ব স্ব অনুবিভাগের প্রধানগণ এ বিভাগের আওতাধীন জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবেন। | • প্রশাসন অনুবিভাগ ও নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ৮. | বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবেন। | • বিভাগীয় কমিশনার, ঢাকা। |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

৩০/১২/২০২১

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৪. ২০১৯- ১৪২৪ তারিখঃ ১৫ পৌষ ১৪২৮ / ৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন অনুবিভাগ)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।

২। বিভাগীয় কমিশনার, ঢাকা।

৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা/নগর উন্নয়ন-২ অধিশাখা/উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ/ পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর।

৫। উপসচিব (পৌর-১/পৌর-২/জেলা পরিষদ/উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সিগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/শরীয়তপুর।

৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/ শরীয়তপুর।

৮। মেয়র, গোপালগঞ্জ/টুঙ্গিপাড়া/ভাঙ্গা পৌরসভা।

৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ।

১০। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

১২। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

AKM Rahman
৩০/১২/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd